



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।



বিআরপিডি সার্কুলার নং - ১২

০১ আষাঢ় ১৪২৯

তারিখ : -----

১৫ জুন ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ব্যাংক-কোম্পানীর প্রকিউরমেন্ট তথা পণ্য, সেবা ইত্যাদি ক্রয় ও সংগ্রহ সংক্রান্ত কার্যক্রমে  
ব্যাংকের পরিচালক ও পরিচালকের স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সম্পৃক্ততা প্রসঙ্গে।**

ব্যাংক-কোম্পানী পরিচালনায় স্বার্থের সংঘাত পরিহার ও সুশাসন নিশ্চিতকরণে ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ১৮(২) ধারার বিধান পরিপালনের লক্ষ্যে ২১ জানুয়ারি ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং ০২ এর মাধ্যমে প্রত্যেক ব্যাংক-কোম্পানীর পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক ও তার নিম্নতর দুইস্তর পর্যন্ত কর্মকর্তাদের স্ব স্ব এবং পারিবারিক ব্যবসায়িক স্বার্থ সংশ্লিষ্টতার বিবরণ বার্ষিক ভিত্তিতে পর্ষদে দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

০২। সম্প্রতি বাংলাদেশ ব্যাংক এ মর্মে অবহিত হয়েছে যে, ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ১৮ ধারার উপ-ধারা (৭) ও উপ-ধারা (৮) এ বর্ণিত স্বার্থের সংঘাত পরিহার ও প্রত্যেক গ্রাহকের স্বীয় স্বার্থের সমতা নিশ্চিতকরণ সংক্রান্ত বিধানের ব্যত্যয় ঘটিয়ে ব্যাংকের জন্য প্রয়োজনীয় পণ্য, সেবা ইত্যাদি প্রকিউরমেন্ট তথা ক্রয় ও সংগ্রহ সম্পর্কিত কার্যক্রমে কোনো কোনো ব্যাংকের পরিচালক বা পরিচালকের স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অংশগ্রহণ করছেন/করছে, যা ব্যাংকে সুশাসন প্রতিষ্ঠায় অন্তরায় সৃষ্টি করছে।

০৩। এক্ষণে, ব্যাংক-কোম্পানী পরিচালনায় স্বার্থের সংঘাত পরিহার করার লক্ষ্যে আমানতকারীসহ অন্যান্য গ্রাহক এবং ব্যাংক-কোম্পানীর স্বার্থকে প্রাধান্য দেয়ার লক্ষ্যে এ মর্মে নির্দেশনা দেয়া যাচ্ছে যে, ব্যাংকের কোনো পণ্য, সেবা ইত্যাদি ক্রয় ও সংগ্রহ বা প্রকিউরমেন্ট সম্পর্কিত কার্যক্রমে পরিচালনা পর্ষদের কোনো পরিচালক বা পরিচালকের স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সম্পৃক্ত হতে পারবেন না/পারবে না।

০৪। উপরে বর্ণিত নির্দেশনাসমূহ পরিপালন নিশ্চিতকল্পে এই সার্কুলার জারির অব্যবহিত পরবর্তী পরিচালনা পর্ষদের সভায় সার্কুলারের বিষয়বস্তু উপস্থাপন করতঃ এতদ্বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)  
পরিচালক (বিআরপিডি)  
ফোন: ৯৫৩০০৯৫